গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
গাইবান্ধা।
www.youth.gaibandha.gov.bd

স্মারক নং-৩৪.০১.৩২০০.০০০.৩৮.০২৭.২০১৩-৬১৫ তারিখ : ০৩.১২.২০২৫ খ্রি.।

## "ভর্তিবিজ্ঞপ্তি"

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের আত্মকর্মসংস্থানের নিমিত্ত দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা বরাবরে দাখিল করতে হবে।

| ক্রঃ নং | প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ | সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান | ভর্তির তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক) মেয়াদ-৬মাস (৩ জানুয়ারি,২০২৬ হতে ৩০ জুন ২০২৬খ্রি.) আসন সংখ্যা-৭০টি। | ১০০০/- (একহাজার) | এইচ,এস,সি | ২৪ ডিসেম্বর ২০২৫খ্রি. | ৩০ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | ৩১-১২-২০২৫ খ্রি: |
| ২ | ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং(অনাবাসিক) মেয়াদ-৬মাস (৩ জানুয়ারি,২০২৬ হতে ৩০ জুন ২০২৬খ্রি.) আসন সংখ্যা-৩০টি। | ৩০০/- (তিনশত) | অষ্টম শ্রেণী পাশ | ২৪ ডিসেম্বর ২০২৫খ্রি. | ২৯ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | ৩০-১২-২০২৫ খ্রি: |
| ৩ | পোশাক তৈরী মেয়াদ-৩মাস (৩ জানুয়ারি,২০২৬ হতে ৩১ মার্চ, ২০২৬খ্রি.) আসন সংখ্যা-২৫টি। | ৫০/- (পঞ্চাশ) | অষ্টম শ্রেণী পাশ | ২১ ডিসেম্বর ২০২৫খ্রি. | ২৩ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | ৩০-১২-২০২৫ খ্রি: |
| ৪ | রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং মেয়াদ-৬মাস (৩ জানুয়ারি,২০২৬ হতে ৩০ জুন ২০২৬খ্রি.) আসন সংখ্যা-৩০টি। | ৩০০/- (তিনশত) | অষ্টম শ্রেণী পাশ | ২৮ ডিসেম্বর ২০২৫খ্রি. | ৩১ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | ৩১-১২-২০২৫ খ্রি: |
| ৫ | মৎস্য চাষ মেয়াদ ১(এক) মাস জানুয়ারি, ২০২৬ | ৫০/- (পঞ্চাশ) | ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ | ২৪ ডিসেম্বর ২০২৫খ্রি. | ২৯ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | ৩১-১২-২০২৫ খ্রি: |
| ৬ | ইলেকট্রনিক্স (অনাবাসিক) মেয়াদ-৬মাস (৩ জানুয়ারি,২০২৬ হতে ৩০ জুন ২০২৬খ্রি.) আসন সংখ্যা-৩০টি। | ৩০০/- (তিনশত) | অষ্টম শ্রেণী পাশ | ২৮ ডিসেম্বর ২০২৫খ্রি. | ৩০ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | ৩১-১২-২০২৫ খ্রি: |
| ৭ | গবাদীপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স (আবাসিক) আসন সংখ্যা ৫০টি | ১০০/-(একশত) জামানত ১০০/-(একশত) ফেরতযোগ্য | ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ | ২৪ ডিসেম্বর ২০২৫খ্রি. | ২৮ডিসেম্বর,২০২৫খ্রি.সকাল ১০.০০ ঘটিকা, স্ব স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল উপজেলা) গাইবান্ধা। | ৩১-১২-২০২৬ খ্রি: |

### দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদিঃ

১। বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে।

২। যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

৩। স্বহস্তে পুরণকৃত আবেদন ফর্ম (ক) নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতা ও মাতার নাম (বাংলা ও ইংরেজী) (গ) জন্ম তারিখ (ঘ) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (ঙ) জাতীয় পরিচয়পত্র (NID)নম্বর(যদি থাকে) অথবা জন্ম সনদ পত্র, (চ) বর্তমান ঠিকানা (ছ) স্থায়ী ঠিকানা (জ)শিক্ষাগত যোগ্যতা (ঝ) ধর্ম (ঞ) জেন্ডার/লিঙ্গ (ট) মোবাইল নম্বর (যদি থাকে) (ট)বিকল্প যোগাযোগ নম্বর (ঠ)ইত:পূর্বে গৃহীত প্রশিক্ষণ(যদি থাকে) (ড) যুব সংগঠনের সদস্য হতে সংগঠনের নাম এবং (ণ) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।

৪। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা উপপরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,গাইবান্ধা এবং স্ব-স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে পাওয়া যাবে।

৫। আবেদন পত্রের সাথে (ক) ০২কপি পাসপোর্ট সাইজের ছবি (খ)শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (গ) জাতীয় পরিচয়পত্র অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র জমা দিতে হবে। সাক্ষাতকারের সময় মূল সনদপত্র সংগে আনতে হবে।

৬। সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবেনা।

৭। ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৮। নির্বাচিত প্রার্থীদের ভর্তির সময় মোবাইল নম্বর, ই-মেইল নম্বর,Facebook আইডি whats app no আবশ্যিকভাবে দিতে হবে।

৯। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রে নিয়ম শৃংখলা মেনে চলতে হবে এবং যথাসময়ে প্রশিক্ষণে উপস্থিত থাকতে হবে।

উল্লেখ্য যে, ইতোপূর্বে যুব উন্নয়ন অদিদপ্তর থেকে যে কোন প্রশিক্ষণ গ্রহন করে থাকলে তার আবেদন গ্রহণযোগ্য হবে না। পরবরতীতেও প্রমানিত হলে তার ভর্তি তাৎক্ষনিকভাবে বাতিল বলে গণ্য হবে।

(মোঃ দিলগীর আলম)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
গাইবান্ধা।

স্মারক নং-৩৪.০১.৩২০০.০০০.৩৭.০২৭.২০১৩-৮১৫

তারিখ: ০৩.০১২.২০২৫ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ),যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৩। ........................................................................................(জেলা পর্যায়ের কর্মকর্তা), গাইবান্ধা।
৪। উপজেলা নির্বাহী অফিসার..............................গাইবান্ধা।
৫। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
৬। জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা, গাইবান্ধা। তাঁকে বিজ্ঞপ্তিটি বহলপ্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। প্রশিক্ষক(কম্পিউটার/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/আরএসি/পোষাক), যুব উন্নয়ন অধিদপ্তর , গাইবান্ধা।
৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর .......................................(সকল), গাইবান্ধা।
৯। সভাপতি/সম্পাদক/নির্বাহীপরিচালক/পরিচালক/চেয়ারম্যান................................................................................................., গাইবান্ধা।
১০। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড/অফিস নথি/গার্ড ফাইল।

(মোঃ খাদেমুল ইসলাম)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
গাইবান্ধা।